

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১০, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১১ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/২৪ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১১৯ আইন/২০১৮।—উদ্ভিদ সংগনিরোধ আইন, ২০১১ (২০১১ সনের ৫ নং আইন) এর ধারা ৩৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

- ১। শিরোনাম।—এই বিধিমালা উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।
- ২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (১) “আইএসপিএম (International Standard for Phytosanitary Measures-ISPM)” অর্থ জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (FAO) অধীন আন্তর্জাতিক উদ্ভিদ সংরক্ষণ কনভেনশন (International Plant Protection Convention) দ্বারা উদ্ভিদ স্বাস্থ্যসুরক্ষা বিষয়ে নির্ধারিত একটি আন্তর্জাতিক মানদণ্ড;
- (২) “কনসাইনমেন্ট” অর্থ নির্দিষ্ট পরিমাণ উদ্ভিদ, উদ্ভিদজাত দ্রব্যাদি, উপকারী জীবাণু বা প্যাকিং দ্রব্যাদি, যাহা উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্রসহ এক দেশ হইতে অন্য দেশে স্থানান্তর করা হয়;
- (৩) “কর্তৃপক্ষ” অর্থ উদ্ভিদ সংগনিরোধ আইন, ২০১১ (২০১১ সনের ৫ নং আইন) এর ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত জাতীয় উদ্ভিদ সংগনিরোধ কর্তৃপক্ষ;
- (৪) “গ্লোয়িং মিডিয়া ” অর্থ সেই সকল উপাদান যাহা উদ্ভিদের মূল জন্মাতে বা মূলের বৃদ্ধিতে সহায়তা করে;
- (৫) “জার্মপ্লাজম” অর্থ প্রজনন বা সংরক্ষণের উদ্দেশ্যে ব্যবহার করা হয় এইরূপ উদ্ভিদ;

(৫৫১১)

মূল্য : টাকা ১২৪.০০

- (৬) “জেনেটিক্যালি মডিফাইড অর্গানিজমস” অর্থ জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর মাধ্যমে জেনেটিক গঠন পরিবর্তন করিয়া সংশ্লেষণ বা উদ্ভাবন করা হইয়াছে এইরূপ জীবসত্তা;
- (৭) “ট্রান্সজেনিক” অর্থ ভিন্ন প্রজাতির এক বা একাধিক কোলিক উপাদান সন্নিবেশিত করে কোন প্রজাতির কোষ বা অণুজীব তৈরীতে ব্যবহৃত উপাদান;
- (৮) “তপশিল” অর্থ এই বিধিমালার তপশিল;
- (৯) “প্লান্টিং ম্যাটেরিয়ালস্” অর্থ বীজ, ফল, কাণ্ড, পাতা, মূল, বালব বা টিউবার এবং প্লান্টলেটসসহ উদ্ভিদের বংশবিস্তারের জন্য ব্যবহৃত হয় এইরূপ উদ্ভিদ অংগ বা উদ্ভিদের অংশ বিশেষ;
- (১০) “ফরম” অর্থ এই বিধিমালার ফরম;
- (১১) “বায়োলজিক্যাল কন্ট্রোল এজেন্ট” অর্থ পরজীবী (Parasite), পরভোজী (Predator), প্যারাসাইটয়েড (Parasitoid), আণুবীক্ষণিক জীবাণু (Microbial Organisms) বা স্ব-উৎপাদনশীল (Self-replicated) কোন অজানুসহ যে কোন জৈবিক এজেন্ট, যাহা বালাই দমনে ব্যবহার করা হয়;
- (১২) “বালাই ঝুঁকি বিশ্লেষণ” অর্থ কোন বালাই নিয়ন্ত্রণ করা যাইবে কিনা এবং উহার জন্য কি মাত্রায় উদ্ভিদ স্বাস্থ্য সুরক্ষা ব্যবস্থা গ্রহণ করিতে হইবে উহা নির্ধারণের লক্ষ্যে জৈবিক বা বৈজ্ঞানিক বা অর্থনৈতিক তথ্যাদি (Evidence) মূল্যায়ন প্রক্রিয়া;
- (১৩) “বিষবাস্পীকরণ” অর্থ কোন রাসায়নিক দ্রব্য দ্বারা শোধন করা, যাহা গ্যাসীয় অবস্থায় দ্রব্যের সমগ্র অংশে পৌঁছায়;
- (১৪) “লিভিং মডিফাইড অর্গানিজমস” অর্থ আধুনিক বায়োটেকনোলজি প্রয়োগের কারণে কোলিক বস্তু উদ্ভিদ বৈশিষ্ট্যের সম্মিলনে উদ্ভূত যে কোন জীবসত্তা।

৩। আমদানি অনুমতিপত্র।—(১) আইনের ধারা ১০ এর বিধান সাপেক্ষে নিম্নবর্ণিত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি আমদানির ক্ষেত্রে আমদানিকারককে ফরম-১ অনুযায়ী কর্তৃপক্ষ বরাবর আমদানি অনুমতিপত্রের জন্য আবেদন করিতে হইবে, যথা :—

- (ক) বপনের জন্য বীজ ও অন্যান্য বংশবিস্তারকারী উপকরণ;
- (খ) প্রোয়িং মিডিয়া;
- (গ) নিম্নবর্ণিত উদ্ভিদজাত দ্রব্য –
- (অ) খাদ্য হিসাবে ব্যবহৃত খাদ্যশস্য, দানাজাতীয় শস্য, বিভিন্ন ধরনের ডাল ও তৈলবীজ;
- (আ) মূল ও কাণ্ড জাতীয় দ্রব্য;
- (ই) মসলা;
- (ঈ) তাজা ফল;
- (উ) শুকনা ফল;

- (উ) ঔষধি উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্য;
- (ঋ) কাঁচা ও আঁশ তুলা;
- (এ) কাঠ ও কাঠজাত দ্রব্য;
- (ঐ) বাঁশ ও বাঁশজাত দ্রব্য;
- (ও) আখ ও আখজাত দ্রব্য;
- (ঘ) প্যাকিং দ্রব্যাদি;
- (ঙ) উপকারী জীবাণু।

(২) গবেষণা ও শিক্ষামূলক কাজে ব্যবহারের জন্য নিম্নবর্ণিত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি আমদানির ক্ষেত্রে আমদানিকারককে ফরম-২ অনুযায়ী কর্তৃপক্ষ বরাবর আমদানি অনুমতিপত্রের জন্য আবেদন করিতে হইবে, যথা :—

- (ক) প্রোয়িং মিডিয়া;
- (খ) জার্মপ্লাজম;
- (গ) জেনেটিক্যালি মডিফাইড অর্গানিজমস;
- (ঘ) ট্রান্সজেনিক;
- (ঙ) প্লান্টিং ম্যাটেরিয়ালস্;
- (চ) বায়োলজিক্যাল কন্ট্রোল এজেন্ট;
- (ছ) লিভিং মডিফাইড অর্গানিজমস;
- (জ) তপশিল-১ এ উল্লিখিত বীজ নমুনা।

(৩) কর্তৃপক্ষ, উপ-বিধি (১) ও (২) এর অধীন আবেদন প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে আবেদনপত্র ও সংযুক্ত দলিলাদি যাচাই-বাছাইক্রমে—

- (ক) সন্তুষ্ট হইলে, যথাক্রমে, ফরম-৩ ও ফরম-৪ অনুযায়ী আমদানি অনুমতিপত্র প্রদান করিবে; এবং
- (খ) সন্তুষ্ট না হইলে, আমদানি অনুমতিপত্র ইস্যু না করিবার কারণ উল্লেখক্রমে উহা আবেদনকারীকে জানাইবে।

(৪) উপ-বিধি (১) ও (২) এর অধীন দাখিলকৃত আবেদনপত্র অসম্পূর্ণ অথবা অন্য কোন দলিলাদি প্রয়োজন হইলে আবেদনপত্র প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ আবেদনকারীকে অবহিত করিবে এবং আবেদনকারীর নিকট হইতে প্রয়োজনীয় তথ্য ও দলিলাদি প্রাপ্তি সাপেক্ষে আমদানি অনুমতিপত্র প্রদান করিবে।

(৫) উদ্ভিদ ও উদ্ভিদজাত দ্রব্যাদি আমদানির ক্ষেত্রে আমদানিকারককে ঋণপত্র (Letter of Credit) খোলার পূর্বে আমদানি অনুমতিপত্রের জন্য আবেদন করিতে হইবে।

(৬) ২০ (বিশ) কেজির অধিক পরিমাণ নিয়ন্ত্রিত ফসলের বীজ এবং ৫ (পাঁচ) মেট্রিক টনের অধিক পরিমাণ অন্যান্য ফসলের বীজ আমদানির ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে কর্তৃপক্ষ আমদানি অনুমতিপত্র প্রদান করিবে।

ব্যাখ্যা।—“নিয়ন্ত্রিত ফসল” বলিতে বীজ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬ নং আইন) এর ধারা ২(৭) এ সংজ্ঞায়িত নিয়ন্ত্রিত ফসল বা জাতকে বুঝাইবে।

(৭) উপ-বিধি (১), (২) ও (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, তপশিল-২ এ উল্লিখিত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি আমদানির ক্ষেত্রে উক্ত তপশিলে উল্লিখিত শর্ত সাপেক্ষে আমদানি অনুমতিপত্র প্রদান করা যাইবে।

(৮) তপশিল-১ এ উল্লিখিত নমুনা উক্ত তপশিলে বর্ণিত পরিমাণের অধিক আমদানি করা যাইবে না।

(৯) এই বিধির অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, তপশিল-৩ এ উল্লিখিত আগাছা মিশ্রিত কোন কনসাইনমেন্ট বা দ্রব্য আমদানি করা যাইবে না।

৪। **বালাই ঝুঁকি বিশ্লেষণ।**—(১) তপশিল-২এ তালিকাভুক্ত নহে এইরূপ উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি অথবা নূতন এলাকা হইতে উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি আমদানির ক্ষেত্রে বালাই ঝুঁকি বিশ্লেষণ ব্যতীত আমদানি অনুমতিপত্র প্রদান করা যাইবে না।

(২) উপ-বিধি (১) এর অধীন বালাই ঝুঁকি বিশ্লেষণের জন্য ফরম-৫ অনুযায়ী কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(৩) কর্তৃপক্ষ, উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর, যথাযথ পদ্ধতি অনুসরণক্রমে বালাই ঝুঁকি বিশ্লেষণ করিবে এবং বালাই ঝুঁকি বিশ্লেষণের পর সন্তুষ্ট হইলে বিধি ৩ এর অধীন আমদানি অনুমতিপত্র ইস্যু করিতে পারিবে।

৫। **পোস্ট অফিস ও কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আমদানি।**—(১) বিধি ৩ এর বিধান সাপেক্ষে পোস্ট অফিস বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি আমদানির ক্ষেত্রে উক্ত পোস্ট অফিস বা কুরিয়ার সার্ভিস কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বিধি ৯ এর বিধান মোতাবেক আমদানিকারক কর্তৃক ছাড়পত্র দাখিলের পর উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি ছাড়করণ করিতে পারিবে।

(২) পোস্ট অফিস বা কুরিয়ার সার্ভিস কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-বিধি (১) এর অধীন আমদানিকৃত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির পার্সেল পৌঁছানোর ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তাকে অবহিত করিবে।

৬। **আমদানি অনুমতিপত্রের মেয়াদ, সংশোধন ও বাতিল।**—(১) আমদানি অনুমতিপত্রের মেয়াদ হইবে অনুমতিপত্র ইস্যুর তারিখ হইতে ৪ (চার) মাস, তবে কর্তৃপক্ষ, আবেদনকারীর আবেদনের প্রেক্ষিতে, উক্ত সময়সীমা ২ (দুই) মাস পর্যন্ত বৃদ্ধি করিতে পারিবে।

(২) কর্তৃপক্ষ আমদানিকারকের লিখিত আবেদনের প্রেক্ষিতে যুক্তিসঙ্গত মনে করিলে, আমদানি অনুমতিপত্রে উল্লিখিত প্রবেশ পথ পরিবর্তন করিতে পারিবে।

(৩) আমদানিকারক আমদানি অনুমতিপত্রের শর্ত ভঙ্গ করিলে কর্তৃপক্ষ, আমদানিকারককে যুক্তিসঙ্গত শুল্কনিরূপণ সুযোগ প্রদান করিয়া, আমদানি অনুমতিপত্র বাতিল করিতে পারিবে।

৭। উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তাকে অবহিতকরণ।—(১) আমদানিকারককে কোন কনসাইনমেন্টের সম্ভাব্য আগমনের অনূন ৭ (সাত) দিন পূর্বে উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তাকে অবহিত করিতে হইবে।

(২) শুল্ক কর্মকর্তা উপ-বিধি (১) এ উল্লিখিত কনসাইনমেন্ট বন্দর বা টার্মিনালে প্রবেশের সঙ্গে সঙ্গে উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তাকে অবহিত করিবেন।

৮। নোঙর অনুমতি।—(১) সামুদ্রিকযানে বৃহৎ পরিমাণে (Bulk) আমদানিকৃত কাঁচা তুলা বা খাদ্যশস্যের কনসাইনমেন্ট আগমনের অনূন ১৫ (পনেরো) দিন পূর্বে জাহাজের প্রতিনিধিকে ফরম-৬ অনুযায়ী নোঙর অনুমতিপত্রের জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ ফরম-৭ অনুযায়ী নোঙর অনুমতিপত্র প্রদান করিবে।

৯। পরিদর্শন ও ছাড়পত্র।—(১) আমদানিকারককে বিধি ৩ এর উপ-বিধি (১) এ উল্লিখিত দ্রব্যাদি ছাড়করণের জন্য ফরম-৮ এবং উপ-বিধি (২) এ উল্লিখিত দ্রব্যাদি ছাড়করণের জন্য ফরম-৯ অনুযায়ী উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তার নিকট আবেদন করিতে হইবে।

(২) আবেদনপত্রের সহিত আমদানি অনুমতিপত্র, উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্র এবং, প্রযোজ্য ক্ষেত্রে, পুনঃরপ্তানিকারক দেশের উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্র দাখিল করিতে হইবে।

(৩) উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর, উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি, উপকারী জীবাণু অথবা প্যাকিং দ্রব্যাদি বহনকারী বাহন, উহার অভ্যন্তরস্থ দ্রব্যাদি এবং কনটেইনার পরিদর্শন করিবেন এবং পরীক্ষা করিবার জন্য তপশিল-৪ অনুযায়ী নমুনা সংগ্রহ করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন নমুনা সংগ্রহের পর উহা পরীক্ষা করিয়া আমদানির সকল শর্ত প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা তপশিল-৬ এ উল্লিখিত ফি গ্রহণ সাপেক্ষে ফরম-১০, বা ক্ষেত্রমত, ফরম-১১ অনুযায়ী ছাড়পত্র ইস্যু করিবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন নমুনা পরীক্ষা করিবার পর বালাই পাওয়া গেলে বা বালাই পোষণকারী হিসাবে সন্দেহযুক্ত হইলে বিষবাস্তীকরণ অথবা অন্য কোন শোধন প্রক্রিয়ায় বালাই মুক্ত করিবার পর সংগনিরোধ কর্মকর্তা ছাড়পত্র ইস্যু করিতে পারিবে।

(৬) আমদানিকারকের প্রতিনিধি এবং শুল্ক কর্তৃপক্ষ, বন্দর কর্তৃপক্ষ বা টার্মিনাল কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে কনসাইনমেন্ট হইতে উপ-বিধি (৩) এর অধীন নমুনা সংগ্রহ করিতে হইবে এবং সংগৃহীত নমুনা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ব্রাশ সিলমোহরের মাধ্যমে সংরক্ষণ করিতে হইবে।

(৭) আইএসপিএম-১৫ অনুসারে শোধন ব্যতীত কাঁচা অথবা নিরেট কাঠের তৈরি প্যাকেজিং ম্যাটেরিয়াল দ্বারা মোড়কীকৃত কোন পণ্যের জন্য ছাড়পত্র ইস্যু করা যাইবে না।

(৮) বাংলাদেশের বাহির হইতে কোন যাত্রী কর্তৃক, তাহার সহিত বা ব্যাগেজে, উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি আনিবার ক্ষেত্রে, উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তার নিকট ঘোষণা প্রদান করিতে হইবে, এবং ক্ষেত্রমত, উহার সহিত উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্র থাকিতে হইবে।

১০। জাহাজের কনটেইনার পরিদর্শন।—(১) উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি, উপকারী জীবাণু বা প্যাকিং দ্রব্যাদি বহনকারী জাহাজের প্রতিনিধিকে জাহাজ বন্দরে পৌছাইবার অনূন ১৫ (পনেরো) দিন পূর্বে উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তার নিকট শিপিং ম্যানিফেস্ট উপস্থাপন করিতে হইবে এবং জাহাজ বন্দরে পৌছানোর সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষ উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তাকে অবহিত করিবে।

(২) উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা শিপিং ম্যানিফেস্ট অনুযায়ী জাহাজের খোল (Hold) অথবা উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির কনটেইনারবাহী খোল পরীক্ষা করিবেন।

(৩) উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা জাহাজ হইতে বালাই-এর বিস্তৃতি রোধ করিবার লক্ষ্যে উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির যথাযথ শোধন করিতে পারিবেন।

(৪) উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা জাহাজের ভাড়ার ঘর ও খাদ্য দ্রব্যের সংরক্ষণাগার পরিদর্শন করিতে পারিবেন এবং প্রয়োজনে, জাহাজ সমুদ্র যাত্রা করিবার পূর্ব মুহূর্ত পর্যন্ত উহা সিল করিয়া রাখিতে পারিবেন, তবে জাহাজ বন্দরে অবস্থান করিবার সময় পর্যন্ত জাহাজের নাবিকদের প্রয়োজনীয় খাদ্য আলাদা সংরক্ষণাগারে সংরক্ষণের ব্যবস্থা করিবেন।

১১। স্থানান্তর আদেশ।—(১) বিধি ৯ ও ১০ এর অধীন পরীক্ষা এবং শোধন বা বিষবাষ্পীকরণের পর উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা ফরম-১২ অনুযায়ী কনটেইনার স্থানান্তরের আদেশ দিবেন।

(২) উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত স্থানান্তর আদেশ ব্যতীত কোন কনটেইনার পাটাতনসহ অথবা উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি দ্বারা পূর্ণ অবস্থায় বন্দরের সংরক্ষিত এলাকার বাহিরে নেওয়া যাইবে না।

১২। আটক, বাজেয়াপ্ত, ইত্যাদি।—(১) আমদানি অনুমতিপত্র ও উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্র ব্যতিত কোন কনসাইনমেন্ট বাংলাদেশে প্রবেশ করিলে অথবা আমদানিকৃত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদিতে কোন সংগনিরোধ বালাই বা অন্য কোন বালাইয়ের উপস্থিতি পাওয়া গেলে বা আমদানি অনুমতিপত্রের শর্ত প্রতিপালিত না হইলে উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা উক্ত কনসাইনমেন্টটি আটক করিতে অথবা উহার প্রবেশে অসম্মতি প্রদান করিতে বা রপ্তানিকারকের নিকট ফেরত পাঠাইতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন আটককৃত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা ধ্বংস, অপসারণ, শোধন করিতে পারিবেন অথবা ফরম-১৩ অনুযায়ী বাজেয়াপ্ত করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (১) ও (২) এর অধীন আটক, ধ্বংস বা বাজেয়াপ্ত করিবার ক্ষেত্রে উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা বিষয়টি আমদানিকারক ও রপ্তানিকারক দেশের জাতীয় উদ্ভিদ সংরক্ষণ কর্তৃপক্ষ এবং আন্তর্জাতিক উদ্ভিদ সংরক্ষণ কনভেনশন সচিবালয়কে অবহিত করিবে।

১৩। প্রবেশোত্তর সংগনিরোধ।—(১) প্রবেশোত্তর উদ্ভিদ সংগনিরোধের ক্ষেত্রে আমদানিকারককে আমদানি অনুমতিপত্রের আবেদনের সহিত প্রবেশোত্তর সংগনিরোধ কার্যক্রম পরিচালনার জন্য আবেদন করিতে হইবে।

(২) সরকার কর্তৃক, সময় সময়, নির্দিষ্ট স্থানে সংগনিরোধ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রবেশোত্তর সংগনিরোধ কার্যক্রম পরিচালনা করিতে হইবে।

(৩) উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির প্রবেশোত্তর সংগনিরোধ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আইএসপিএম-৩৪ অনুসরণ করিতে হইবে।

১৪। আমেরিকান তুলা আমদানি।—(১) আমেরিকান তুলা আমদানি করা হইলে উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা বন্দর কর্তৃপক্ষের অনুমতিক্রমে এবং তদ্ব্যবস্থাপক নির্ধারিত এলাকার মধ্যে বিষবাস্পীকরণের মাধ্যমে উহা শোধন করিবে।

(২) আমেরিকান তুলাবাহী জাহাজে অন্য কোন তুলার গাইট (Bale) বা তুলা দ্বারা তৈরী বস্ত্র আমদানি করা হইলে উহাও আমেরিকান তুলা হিসাবে গণ্য হইবে।

(৩) বিমান, পোস্ট অফিস বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অনধিক ১০ (দশ) কেজি আমেরিকান তুলার নমুনা আমদানি করা যাইবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন আমদানিকৃত আমেরিকান তুলার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিমানবন্দর, পোস্ট অফিস বা কুরিয়ার সার্ভিস কর্তৃপক্ষ ছাড়করণের পূর্বে উহা পরীক্ষণ ও বিষবাস্পীকরণের জন্য উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তার নিকট হস্তান্তর করিবে।

(৫) আমেরিকান তুলার ট্রানজিট বা ট্রান্সশিপমেন্টের ক্ষেত্রে আংশিক বা সম্পূর্ণ কনসাইনমেন্ট বন্দর এলাকায় বা বার্জে (Barges) খালাসের প্রয়োজন হইলে উহা বিষবাস্পীকরণের মাধ্যমে শোধন করিতে হইবে।

ব্যাখ্যা।—“আমেরিকান তুলা” বলিতে উত্তর, দক্ষিণ ও মধ্য আমেরিকা এবং উহাদের সন্নিহিত দ্বীপসমূহে উৎপাদিত তুলাকে বুঝাইবে।

১৫। উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্রের আবেদন।—(১) রপ্তানিকারককে কোন উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি রপ্তানি বা পুনঃরপ্তানির উদ্দেশ্যে উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্রের জন্য কর্তৃপক্ষের নিকট, যথাক্রমে, ফরম-১৪ ও ফরম-১৫ অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) পচনশীল দ্রব্যের রপ্তানির ক্ষেত্রে জাহাজীকরণের অনূন্য ১ (এক) দিন পূর্বে এবং অপচনশীল দ্রব্যের ক্ষেত্রে জাহাজীকরণের অনূন্য ১৫ (পনেরো) দিন পূর্বে উপ-বিধি (১) এর অধীন উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্রের জন্য আবেদন দাখিল করিতে হইবে।

(৩) কর্তৃপক্ষ, উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর, রপ্তানির জন্য উপস্থাপনকারী উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি পরীক্ষাক্রমে উহা বালাইমুক্ত হইলে এবং সংশ্লিষ্ট দেশের আমদানি অনুমতিপত্রে উল্লিখিত শর্তাবলি পূরণ করা হইলে, যথাক্রমে, ফরম-১৬ বা ফরম-১৭ অনুযায়ী উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্র ইস্যু করিবে, অন্যথায় উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্র ইস্যু না করিবার কারণ উল্লেখক্রমে উহা আবেদনকারীকে জানাইবে।

(৪) নিম্নবর্ণিত ক্ষেত্রে উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্র ইস্যু করা যাইবে না, যথা :—

(ক) বালাই আক্রান্ত বা সংক্রমিত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি হইতে সংগৃহীত অথবা ইহার সহিত সংমিশ্রিত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি; এবং

(খ) কোন উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির কোন দেশে প্রবেশ করিবার বিষয়ে নিষেধাজ্ঞা থাকিলে, উক্ত দেশে রপ্তানির ক্ষেত্রে।

(৫) যে উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যের জন্য উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্র ইস্যু করা হইবে উহার সহিত অন্য কোন উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্য মিশ্রিত বা প্রতিস্থাপন করা যাইবে না।

(৬) উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যের জাহাজীকরণের পূর্বে উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা যে কোন সময়ে উহা পুনঃপরীক্ষা করিতে পারিবেন এবং পরীক্ষার পর, উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্রের শর্ত ভঙ্গ করা হইয়াছে মর্মে নিশ্চিত হইলে বা উহাতে বালাই পাওয়া গেলে কনসাইনমেন্টটির জাহাজীকরণ বন্ধ করিয়া দিবেন এবং প্রয়োজনে :—

- (ক) কনসাইনমেন্টটি বাজেয়াপ্ত ও ধ্বংসের আদেশ প্রদান করিতে পারিবেন;
- (খ) রপ্তানিকারকের নিকট ফেরত প্রদানের জন্য আদেশ প্রদান করিতে পারিবেন;
- (গ) রপ্তানিকারককে কালো তালিকাভুক্ত করিতে পারিবেন; অথবা
- (ঘ) উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্র বাতিল করিতে পারিবেন।

(৭) কোনো উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্য গন্তব্য দেশে নিষিদ্ধ না হইলে বহির্গামী যাত্রীর আবেদনের প্রেক্ষিতে উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা যাত্রীর সহিত বহনকৃত বা লাগেজের মাধ্যমে পরিবহনকৃত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্য পরীক্ষা-নিরীক্ষাক্রমে, প্রয়োজনে শোধনপূর্বক, উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্র ইস্যু করিতে পারিবেন।

১৬। উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্রের মেয়াদ ও সংশোধন।—(১) উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্রের মেয়াদ হইবে উহা ইস্যুর তারিখ হইতে ১৫ (পনেরো) দিন, তবে পচনশীল উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির ক্ষেত্রে ২৪(চব্বিশ) ঘন্টা।

(২) রপ্তানিকারকের আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত কারণে উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্র সংশোধন করা যাইবে, যথা :—

- (ক) ইস্যুকৃত উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্র নষ্ট হইয়া বা হারাইয়া গেলে;
- (খ) ঠিকানা পরিবর্তন হইলে; বা
- (গ) গন্তব্য দেশ বা প্রবেশ পথ পরিবর্তন হইলে।

(৩) কর্তৃপক্ষ উপ-বিধি (২) এর অধীন আবেদনের প্রেক্ষিতে নূতন নম্বর সংবলিত উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্র প্রদান করিতে পারিবে।

১৭। প্রবেশ পথ ও বহির্গমন পথ।—উদ্ভিদ এবং উদ্ভিদজাত দ্রব্যাদি আমদানি ও রপ্তানির ক্ষেত্রে তপশিল-৫ এ বর্ণিত প্রবেশ ও বহির্গমন পথ ব্যবহার করিতে হইবে।

১৮। ফিস ও মাসুল।—আমদানিকারক, বা ক্ষেত্রমত, রপ্তানিকারককে উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্য, উপকারী জীবাণু এবং প্যাকিং দ্রব্যাদির জন্য আমদানি অনুমতিপত্র, ছাড়পত্র, উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্র, বিষবাষ্পীকরণ, শোধন, ইত্যাদির জন্য তপশিল-৬ এ উল্লিখিত হারে ফিস বা মাসুল ১-৪৩৩১-০০০০-২০৪৩ নম্বর কোডে জমা প্রদান করিতে হইবে।

১৯। অপসারণ, ধ্বংস, ইত্যাদির ব্যয়।—আমদানি অনুমতিপত্রের শর্ত লংঘন করিয়া কোন উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি আমদানি করা হইলে উক্ত কোন কনসাইনমেন্টের অপসারণ, ধ্বংস অথবা প্রবেশান্তর সংগনিরোধের জন্য প্রয়োজনীয় ব্যয় আমদানিকারককে বহন করিতে হইবে।

২০। রহিতকরণ ও হেফাজত।—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে Destructive Insects and Pests Rules, 1966, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, উক্ত Rules এর অধীন—

- (ক) কৃত সকল কার্যক্রম বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে:
- (খ) কোন কার্য অনিষ্পন্ন বা চলমান থাকিলে উহা এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত Rules রহিত হয় নাই।

ফরম-১

[বিধি ৩(১) দ্রষ্টব্য]

উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি আমদানির ক্ষেত্রে আমদানি অনুমতিপত্রের জন্য আবেদন/
Application for Import Permit to Import Plants or Plant Products

বরাবর/To

জাতীয় উদ্ভিদ সংগনিরোধ কর্তৃপক্ষ/National Plant Quarantine Authority

...../.....

আমি নিম্নবর্ণিত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি আমদানির উদ্দেশ্যে উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(১) মোতাবেক আমদানি অনুমতিপত্রের জন্য আবেদন করিতেছি।/I hereby apply for an Import Permit to import plants or plant products as required under rules 3(1) of the Plant Quarantine Rules, 2018

১. উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির নাম/Name of plants or plant products :
(সাধারণ ও উদ্ভিদতাত্ত্বিক নাম, প্রযোজ্য ক্ষেত্রে)/(Common and Botanical name where applicable):
 ২. পরিমাণ (ওজন/ সংখ্যা)/Quantity(weight/ number) :.....
 ৩. উৎপাদনকারী দেশ/Country of Origin :
 ৪. পুনঃরপ্তানিকারক দেশ/Country of Re-export (if applicable) :
 ৫. রপ্তানিকারকের নাম ও ঠিকানা/Name and Address of Consigner(Exporter) :
 ৬. আগমনের সম্ভাব্য তারিখ/Expected Date of arrival :
 ৭. পরিবহনের ধরণ (সুনির্দিষ্ট) বিমান/সমুদ্রপথ/ট্রেন/ট্রাক/ডাক/নদীপথ/পার্সেল/অন্যান্য/Means of transportation (specify air/ Sea/ Vessel/ Train/ Truck/ Postal/ River/ Parcel/ other :.....
 ৮. প্রবেশ পথ/Point of Entry :
 ৯. আমদানির উদ্দেশ্য (সুনির্দিষ্ট)/Purpose of Import (specify) :
 ১০. আমদানির উদ্দেশ্য বংশবিস্তার /সংখ্যা বৃদ্ধি অথবা পুনরায় বৃদ্ধির জন্য হইলে উল্লেখ করুন/If the purpose of import is for propagation, multiplication or further growth, please specify:
- ক) উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির সাধারণ এবং উদ্ভিদতাত্ত্বিক নাম/Common and Botanical name of Plants or Plant Products :
- (খ) প্রকার (সুনির্দিষ্ট) Type (specify): বীজ/ চারা/ কন্দ/ গুড়ি/ কুঁড়ি/ কাটিং/ অন্যান্য Seed/ Seedlings/ Tuber/ Corm/ Bud wood/ Cutting/ other;
#অন্যান্য হইলে(সুনির্দিষ্ট)/ If other, please specify জাত (ইনব্রিড/ওপিভি/হাইব্রিড)/ Variety (Inbred/OPV/Hybrid):

(গ) স্থান/এলাকা যেখানে জন্মানো/বংশ বিস্তার/সংখ্যা বৃদ্ধি/পূরণ করা হইবে/Locality/
Area where to begrown/multiplied/ ropagated:.....

আমদানিকারক/ অনুমোদিত এজেন্টের নাম/ Name of Importer/ Authorized Agent:

ঠিকানা ও মোবাইল নম্বর/Detailed address and Mobile number of Importer/Authorized
Agent:

স্বাক্ষর/Signature:

তারিখ ও সিলমোহর/Date and Seal:

ফরম-২

[বিধি ৩(২) দ্রষ্টব্য]

গবেষণা এবং শিক্ষামূলক কাজে ব্যবহারের লক্ষ্যে উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি আমদানির ক্ষেত্রে
আমদানি অনুমতিপত্রের জন্য আবেদন/Application for Import Permit to Import
Plants or Plant products for Research and Educational purposes

বরাবর/To

জাতীয় উদ্ভিদ সংগনিরোধ কর্তৃপক্ষ/ National Plant Quarantine Authority

...../.....

আমিনিম্নবর্ণিত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি গবেষণা এবং শিক্ষামূলক
কাজে ব্যবহারের লক্ষ্যে আমদানির জন্য উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(২)
মোতাবেক আমদানি অনুমতিপত্রের জন্য আবেদন করিতেছি।/ I hereby apply for a permit to
Import Plants or Plant products for Research and Educational purposes in
accordance with provisions of rule 3(2) of the Plant Quarantine Rules, 2018.

১. আবেদনকারীর নাম ও ঠিকানা (ইমেইল ও মোবাইলসহ)/ Name and Address of
applicant [e-mail and Mobile No.]:
২. গবেষণা ও উন্নয়ন প্রতিষ্ঠানের অবস্থান/মর্যাদা/শ্রেণি অথবা প্রতিষ্ঠানটি যে সংস্থা/প্রতিষ্ঠানের
অধিভুক্ত (Research and Development (R&D) status of the organization/
affiliation of the organisation):
৩. আমদানির জন্য বীজ বা উদ্ভিদজাত দ্রব্যাদির সঠিক বর্ণনা/ Exact description of Seeds/
Planting Materials to be imported:
৪. উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির নাম/Name of the Plants or Planting Materials :.....
 - ক) সাধারণ ও উদ্ভিদ তাত্ত্বিক নাম/Common and Botanical Name:
 - খ) জার্মপ্লাজম/জাত/হাইব্রিড/কমপোজিট/সিনথেটিক/প্রোভেনেন্স/ক্লোন/অন্যান্য (Germplasm/
Variety/ Hybrid/ composite/ synthetic/ provenance/ clone/others):
 - গ) প্রয়োজনীয় দ্রব্যের ধরণ (বীজ/মূলজ উদ্ভিদ/ সায়ন/ টিউবার/ কাটিং/ ইন ভিট্রো কালচারে
বাল্ব)/ Form of material required [Seed/ Rooted plants/ Scions/ Tubers/
Cuttings/ Bulbs in vitro cultures]:
 - ঘ) বংশগতি (যদি জানা থাকে)/ Parentage, if known:.....
৫. সংগ্রহের স্থান/আমদানির জন্যে উদ্ভিদজাত দ্রব্যের উৎস/ Place of Collection/ Origin of
material to be imported:.....
৬. ট্রান্সজেনিক/জিএমও কিনা? (যদি হ্যাঁ সঠিক প্রমাণপত্র সংযুক্ত করুন)/Whether transgenic/
GMO or not? [If yes, attach the approval]:

৭. দ্রব্যটি উৎপাদনকারী সংস্থা/ প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা/Name and Address of the Organization/ Institution producing the material:
৮. আমদানির জন্য নমুনার সংখ্যা/Number of samples to be imported :
৯. আমদানির পরিমাণ (আলাদাভাবে প্রতিটি এসেসন্/ জাত/ হাইব্রিড/ ট্রান্সজেনিক/ জিএমও)/ Quantity to be imported [separately for each accession/ Variety/ Hybrid/ Transgenic/ GMO]:.....
১০. প্রকাশিত রেফারেন্সসহ দ্রব্যের সহজলভ্য প্রস্তাবিত উৎস (যদি জানা থাকে)/Suggested source of availability of material including published reference, if known: ...
.....
১১. (ক) ইতঃপূর্বে উপরোল্লিখিত জার্মপ্লাজম/ জাত/ হাইব্রিড আমদানি করা হইয়াছে কি? যদি হয়ে থাকে তার বিস্তারিত বর্ণনা (সন, পরিমাণ, উৎস, ইত্যাদি) (Whether the aforesaid Germplasm/ Variety/ Hybrid was imported by you earlier? If so, details thereof [Year, Quantity, Source, etc]:.....
- (খ) দ্রব্যটি অন্য কোন বিজ্ঞানীর বা জিন ব্যাংকের সাথে অংশীদারিত্ব ছিল কিনা?/Was the material shared with other scientists/ National Gene Bank?:
১২. বাংলাদেশে আগমনের সম্ভাব্য তারিখ/Expected Date of arrival in Bangladesh:.....
১৩. শিপমেন্টের ধরণ (এয়ারমেইল/ এয়ার ফ্রেইট/ যাত্রীর সাথে বহনকারী ব্যাগেজ)/Mode of Shipment [Airmail/ Air freight/ Accompanied Baggage]:
১৪. আমদানিকৃত বীজ/ উদ্ভিদজাত দ্রব্য কোথায় এবং কোন বিজ্ঞানীর তত্ত্বাবধানে চাষাবাদ করা হইবে? (Place where imported seeds/ planting material will be grown and scientists under whose supervision the Seeds/ Planting material will be grown):

আবেদনকারীর নাম/Name of the Applicant:

ঠিকানা ও মোবাইল নম্বর/Address and Mobile Number of Importer :.....
.....

স্বাক্ষর/ Signature:.....

তারিখ ও সিলমোহর/Date and Seal:.....

ঘোষণা/Declaration :

- ১। এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমদানিকৃত জার্মপ্লাজম এর কোন বাণিজ্যিক মূল্য/ স্বতন্ত্র স্বত্ত্ব নাই এবং শুধুমাত্র গবেষণার উদ্দেশ্যে ব্যবহার করা হইবে।/ I hereby declare that the germplasm under import has no commercial value/ exclusive ownership and may be shared for research purpose.
- ২। আমদানিকৃত জার্মপ্লাজম এ কোন টার্মিনেটর জিন বা টার্মিনেটর টেকনোলজি বা জেনেটিক ইউজের রেসট্রিক্টিভ টেকনোলজি নাই।/ The imported germplasm dose not contains any terminator genes or terminator technology or genetic usage restrictive technologies.
- ৩। আমদানিকৃত দ্রব্যটি কেবলমাত্র স্বতন্ত্র গবেষণার কাজেই ব্যবহার করা হইবে।/I undertake that the material is exclusively for research purposes.

ফরম-৩

[বিধি ৩(৩) (ক) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

জাতীয় উদ্ভিদ সংগনিরোধ কর্তৃপক্ষ

আমদানি অনুমতিপত্র

প্রাপক : স্মারক নং:

সূত্র : তারিখ :

উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(৩) (ক) মোতাবেক এতদ্বারা জনাব/.....

.....মেসার্স..... ঠিকানা :

..... কে নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে

নিম্নবর্ণিত উদ্ভিদ ও উদ্ভিদজাত দ্রব্যাদি/কনসাইনমেন্ট আমদানি করিবার অনুমতি দেওয়া হইল :—

পরিবহনের ধরণ :

কনসাইনারের নাম ও ঠিকানা :

উৎপাদনকারী দেশ :

পুনঃরপ্তানিকারক দেশ (প্রযোজ্য ক্ষেত্রে) :

প্রবেশ পথ :

উদ্ভিদ ও উদ্ভিদজাত দ্রব্যাদির নাম, পরিমাণ, প্যাক সাইজ :

- এই আমদানি অনুমতিপত্র প্রদানের তারিখ হইতে চার (৪) মাসের মধ্যে উদ্ভিদ ও উদ্ভিদজাত দ্রব্যাদি/কনসাইনমেন্ট আমদানি করিতে হইবে।
- আমদানিকৃত দ্রব্যের উৎপাদনকারী/ প্রযোজ্য ক্ষেত্রে, পুনঃরপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এই মর্মে উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্র থাকিতে হইবে যে, উক্ত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি সম্পূর্ণভাবে ক্ষতিকর পোকা-মাকড় ও রোগ বালাই মুক্ত বা বিষবাষ্পীকরণ বা অন্য কার্যকরী ব্যবস্থা দ্বারা মুক্ত করা হইয়াছে।
- দেশের অভ্যন্তরে প্রবেশের পূর্বে কনসাইনমেন্টটি পরীক্ষাপূর্বক ক্ষতিকর পোকা-মাকড় ও রোগ বালাই হইতে মুক্ত পাওয়া গেলে ছাড়করণ করা হইবে অন্যথায়..... কেন্দ্র এর উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা পরীক্ষাপূর্বক বিষবাষ্পীকরণ বা অন্য কার্যকরী ব্যবস্থা দ্বারা শোধনের পর ছাড়পত্র প্রদান করিবেন অথবা আমদানিকারকে ফেরৎ প্রদান করিবেন অথবা আমদানির শর্ত পূরণ করিতে ব্যর্থ হইলে উদ্ভিদ সংগনিরোধ আইন, ২০১১ অনুযায়ী আটক, বাজেয়াপ্ত করিবার বা ধ্বংস, অপসারণ বা প্রয়োজনীয় অন্য যেকোন ব্যবস্থা গ্রহণের করিবার নির্দেশনা প্রদান করা যাইবে। উক্ত প্রক্রিয়ার যাবতীয় খরচ আমদানিকারকে বহন করিতে হইবে।

৪. নিম্নবর্ণিত অতিরিক্ত শর্তাবলি উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্রে উল্লেখ থাকিতে হইবে :—

.....
.....

৫.

তারিখ :

.....

জাতীয় উদ্ভিদ সংগনিরোধ কর্তৃপক্ষ

অনুলিপি:

- ১। কমিশনার/যুগ্ম কমিশনার/ উপ-কমিশনার/ সহকারী কমিশনার/ শুল্ক তত্ত্বাবধায়ক, কাস্টমস্ হাউজ.....
- ২। উপ-পরিচালক/অতিরিক্ত উপ-পরিচালক/সংগনিরোধ কীটতত্ত্ববিদ/সংগনিরোধ রোগতত্ত্ববিদ, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র.....

Form-III

[rule 3(3)(a)]

Government of the People's Republic of Bangladesh

Ministry of Agriculture**National Plant Quarantine Authority****IMPORT PERMIT**

To : No. :

Your reference : Date :

In accordance with the provisions under rule 3(3)(a) of the Plant Quarantine Rules, 2018, permission is hereby granted to import the following plant and plant products/consignment

to (*name and address of importer*) :by (*means of transport*) :from (*name and address of consignor*) :of (*country of origin*) :of (*country of re-export*) :through (*point of entry*) :

Name of the plants and plant products, quantity and pack size :

Subject to the following conditions :

1. To be imported in one consignment, within four months of the date of issue of this permit;
2. The consignment is accompanied by a Phytosanitary Certificate from the country of origin (by the competent authority), and of re-export if applicable, declaring the plants or plant products to be free from injurious pests or to have been rendered free from injurious pests by effective fumigation or other treatment;
3. On arrival of the consignment, it will be examined and will only be released if found to be free from injurious pests, otherwise it may be fumigated or otherwise treated as deemed necessary by the examining Plant Quarantine Officer stationed at, or may be returned to the consignor, or may be seized and destroyed following the Plant Quarantine Act, 2011, if not complying with the import conditions. All relevant expenses for such treatment will be borne by the importer.

4. Additional conditions to be stated on the Phytosanitary Certificate :

.....
.....

Date:

.....

National Plant Quarantine Authority

Copy to :

1. The Commissioner/ Joint Commissioner/Deputy Commissioner/ Assistant Commissioner/ Superintendent of Customs, Customs House
2. The Deputy Director/Additional Deputy Director/Quarantine Pathologist, Plant Quarantine Station

ফরম-৪

[বিধি ৩(৩) (ক) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
জাতীয় উদ্ভিদ সংগনিরোধ কর্তৃপক্ষ

আমদানি অনুমতিপত্র (গবেষণা এবং শিক্ষামূলক কাজের জন্য)

প্রাপক :..... স্মারক নং

সূত্র : তারিখ :

উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(৩) (ক) মোতাবেক এতদ্বারা জনাব/মেসার্স

.....ঠিকানা কে

নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে নিম্নবর্ণিত দ্রব্য এই উদ্ভিদ ও উদ্ভিদজাত দ্রব্যাদি কনসাইনমেন্টটি আমদানি করিবার অনুমতি দেওয়া হইল।

পরিবহণের ধরণ:

কনসাইনারের নাম ও ঠিকানা :

উৎপাদনকারী দেশ :

পুনঃ রপ্তানিকারক দেশ :

প্রবেশ পথ :

গবেষণা এবং শিক্ষামূলক কাজের জন্য যে উদ্ভিদ বা উদ্ভিদজাত পণ্য যাহা বপন/ রোপন/ বংশবিস্তার এর জন্য আমদানি করা হইবে উহার নাম :

উদ্ভিদ প্রজাতির বর্ণনা (সাধারণ এবং বৈজ্ঞানিক নাম) :

(সুনির্দিষ্ট)

জাত (ইনব্রিড/ ওপিভি/ হাইব্রিড) :

পরিমাণ (ওজন/ সংখ্যা) :

১. আমদানি অনুমতিপত্র অনুমোদনের তারিখ হইতে ০৪ (চার) মাসের মধ্যে দ্রব্যটি আমদানি করিতে হইবে।

২. দ্রব্য/কনসাইনমেন্টটি অবশ্যই মাটি, আগাছার বীজ এবং উদ্ভিদের অবশিষ্টাংশ মুক্ত হইতে হইবে।

৩. আমদানিকৃত দ্রব্যের উৎপাদনকারী দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত উদ্ভিদ স্বাস্থ্য সুরক্ষা সনদপত্রে উল্লেখ থাকিতে হইবে যে, উক্ত দ্রব্যটি সম্পূর্ণরূপে অতিরিক্ত ঘোষণাপত্রে উল্লিখিত ক্ষতিকারক পোকামাকড় ও রোগবাহাই মুক্ত অথবা উক্ত দ্রব্যাদির উৎপাদনকারী দেশে নিম্নবর্ণিত পোকামাকড় ও রোগবাহাই এর উপস্থিতি নাই।

(i).....(ii).....

(ii).....

৪. আমদানিকৃত দ্রব্য দেশের অভ্যন্তরে প্রবেশের পূর্বে প্রবেশ পথে নিয়োজিত উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা কর্তৃক পরিক্ষীত হইতে হইবে এবং যদি আমদানি অনুমতিপত্রে উল্লিখিত শর্তাবলি রপ্তানিকারক দেশ কর্তৃক প্রদত্ত উদ্ভিদ স্বাস্থ্য সুরক্ষা সনদপত্রের সহিত সামঞ্জস্যপূর্ণ হয় তাহা হইলে কনসাইনমেন্টটি ছাড়করণের উপযুক্ত বলিয়া গণ্য হইবে।
৫. আমদানিকৃত দ্রব্যাদি/কনসাইনমেন্টটি হইতে নির্ধারিত প্রোটোকল ও পদ্ধতির মাধ্যমে ল্যাবরেটরি পরীক্ষা এবং প্রবেশোত্তর সংগনিরোধ পরীক্ষা করিবার জন্য নমুনা সংগ্রহ করিতে হইবে।

তারিখ :.....

.....
জাতীয় উদ্ভিদ সংগনিরোধ কর্তৃপক্ষ

অনুলিপি:

১. কমিশনার/যুগ্ম কমিশনার/উপ-কমিশনার/সহকারী কমিশনার/শুল্ক তত্ত্বাবধায়ক, কাস্টমস্ হাউজ
.....
২. উপ-পরিচালক/ অতিরিক্ত উপ-পরিচালক /সংগনিরোধ কীটতত্ত্ববিদ/ সংগনিরোধ রোগতত্ত্ববিদ,
উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র.....

Form-IV

[rule 3(3)(a)]

Government of the People's Republic of Bangladesh

Ministry of Agriculture**National Plant Quarantine Authority****IMPORT PERMIT (for research and educational purposes)**

(This permit is only use for import of Biological Control Agents/ Planting Materials/ Growing Media/ Germplasm/ Trangenics/ Genetically Modified Organisms (GMOs)/ Living Modified organisms (LMOs) for research & educational purposes)

To : No. :

Your reference : Date :

In accordance with the provisions under rule 3(3)(a) of the Plant Quarantine Rules, 2018, permission is hereby granted to

(name and address of importer) :

by (means of transport) :

from (name and address of consignor) :

of (country of origin) :

of (country of re-export) :

through (point of entry) :

Plants/plant material for sowing/planting/propagation: :

Description of plant species :

(common and botanical name)

Type (Specify) :

Variety (Inbred/OPV/ Hybrid) :

Quantity (weight/number) :

Subject to the following conditions : :

- To import in one consignment, within four months of the date of this permit,
- The consignment shall be free from soil, weed seeds and plant debris.

- c. The consignment shall be accompanied by a Phytosanitary Certificate from the country of origin by the competent authority, and re-export if applicable with additional declarations that the pest(s) specified below do not occur in the country of origin or that the consignment is free from these pest(s):
- (i) (ii) (iii)
- d. On arrival of the consignment, it shall be duly examined by a Plant Quarantine Officer, and if the accompanying Phytosanitary Certificate conforms to the requirements as outlined in the Import Permit, the consignment shall be considered fit for release.
- e. Samples shall be drawn from the consignment for laboratory tests and post-entry quarantine following standard diagnostic procedures and protocols.

Date :

.....

National Plant Quarantine Authority

Copy to:

1. The Commissioner/ Joint Commissioner/ Deputy Commissioner/ Assistant Commissioner/ Superintendent of Customs, Customs House
2. The Deputy Director/Additional Deputy Director/Quarantine Entomologist/ Quarantine Pathologist, Plant Quarantine Station.....

ফরম-৫

[বিধি ৪(২) দ্রষ্টব্য]

বালাই ঝুঁকি বিশ্লেষণের জন্য আবেদন

বরাবর

জাতীয় উদ্ভিদ সংগনিরোধ কর্তৃপক্ষ

...../.....

আমি নিম্নবর্ণিত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি আমদানির উদ্দেশ্যে উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ অনুযায়ী বালাই ঝুঁকি বিশ্লেষণের জন্য আবেদন করিতেছি :—

১. আমদানিকারক/ অনুমোদিত এজেন্টের নাম :
- ১.১ ঠিকানা ও মোবাইল নম্বর :
- ১.২ ই-মেইল ও ফ্যাক্স :
২. বালাই ঝুঁকি বিশ্লেষণের পরিমাপক :
- ২.১ উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির নাম :
- (সাধারণ ও বৈজ্ঞানিক নাম): :
- ২.২ পরিমাণ (ওজন/ সংখ্যা): :
- ২.৩ উৎপাদনকারী দেশ :
- ২.৪ উৎস স্থান (দেশ, উৎপত্তি এবং এলাকা): :
- ২.৫ উৎপাদন পদ্ধতি :
৩. উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির ধরণ : :
- ৩.১ প্রক্রিয়াজাতকৃত/ প্রক্রিয়াজাতকৃত নয়: :
- ৩.২ জীবিত/মৃত: :
- ৩.৩ বীজ/চারা/কন্দ/গুড়ি/কুঁড়ি/কাটিং/অন্যান্য হইলে (সুনির্দিষ্ট)/জাত (ইনব্রিড/ওপিভি/ হাইব্রিড)/:.....
- ৩.৪ মাটি : :
- ৩.৫ লিভিং মডিফাইড অর্গানিজম (জিএমও)/নন-লিভিং মডিফাইড অর্গানিজম (জিএমও)
- ৩.৬ কালচার/নন-কালচার: :
- ৩.৭ অন্যান্য: :
৪. আমদানির উদ্দেশ্য (সুনির্দিষ্ট) /ব্যবহার: :
- ৪.১ মানুষের খাদ্য/ প্রক্রিয়াজাতকরণের জন্য/ পশু খাদ্য/ পোষ্য প্রাণীর খাদ্য/ মাছের খাদ্য/ বপনের জন্য বীজ/ নার্সারি স্টক/ সংখ্যা বৃদ্ধি/ প্রবেশোত্তর সংগনিরোধ/সার হিসেবে/ইন ভিট্রো/ ইন ভিবো :

- ৪.২ অন্যান্য: :
৫. পরিবহনের ধরণ (সুনির্দিষ্ট) বিমান/সমুদ্রপথ/ট্রেন/ট্রাক/ডাক/নদীপথ/পার্সেল/অন্যান্য:.....
৬. প্রবেশ পথ: :
৭. গন্তব্যস্থল :
- ৭.১ স্থান/ এলাকা যেখানে জন্মানো/ বংশ বিস্তার/ সংখ্যা বৃদ্ধি করা হইবে :.....
- ৭.২ স্থান/এলাকা যেখানে বালাই বুঁকি বিশ্লেষণ কার্যক্রম পরিচালনা করা হইবে :

আমদানিকারকের স্বাক্ষর :

তারিখ ও সিলমোহর :

Form-V

[rule 4(2)]

Application for Pest Risk Analysis (PRA)

To

The National Plant Quarantine Authority

.....

I.....is Applying for PRA of the following plant and plant products to be imported to Bangladesh.

1. Details of Applicant

1.1 Name/ Organisation.....

1.2 Address.....Postcode.....

1.3 PhoneFax E-mail.....

2. PRA General Parameters

2.1 Scientific & Common name of the product.....

2.2 Country/ countries of origin.....

2.3 Quantity/ Volume

3. Product Type ('√' one or more)

3.1 Processed/ Non-processed

3.2 Living/ non- living

3.3 Plant/ Animal

3.4 Genetically modified/non-genetically modified

3.5 Seed/ plant/ soil

3.6 Culture / non-culture.....

3.7 Other

4 Product processing (if applicable)

4.1 If seed: ground/ kibbled/ whole/ preserved.....

4.2 If plant: fresh/ dried/ freeze dried/ preserved.....

4.3 Processing refinement: cooked/ frozen/ pulped/ steamed.....

4.4 Specify treatment details.....

5 Product Origins (please state if question not relevant)

5.1 Source location (by country, origin & locality).....

5.2 Production method, Certification scheme and / or accreditation type?

6 End Use ('√' one or more)6.1 Human consumption/Processing/Stock feed/Pet food/Fish food/Seeds for sowing/Nursery stock/Multiplication/Post-entry Quarantine/Therapeutic/ Fertilizers/*In-vivo* /*In vitro*.....

6.2 Other

7 End Destination ('√' &/or specify)

7.1 Rural/ Urban

7.2 Multiple locations/ Single.....

7.3 Specify Country, State & / or Region (PRA defined area).....

8 Entry ('√' one or more)

Ship/ Air/ Ground transport/ Rail/ Other

9 General Comments (any further general comment or notes that need to be made, please make here).....

Date:

Signature of Applicant:

With Seal and Mobile Number:.....

ফরম-৬/Form-VI

[বিধি ৮(১) দ্রষ্টব্য]/rule 8(1)

নোঙর অনুমতির জন্য আবেদনপত্র/Application for Anchorage Permit

বরাবর/To

জাতীয় উদ্ভিদ সংগনিরোধ কর্তৃপক্ষ/ National Plant Quarantine Authority

...../.....

উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা, ২০১৮ এর বিধি ৮(১) অনুযায়ী নিম্নবর্ণিত বিবরণ অনুসারে জাহাজের নোঙরের অনুমতির জন্য আমি এতদ্বারা আবেদন করিতেছি/I hereby apply for anchorage permit about the below mentioned particulars of ships as required under rule 8(1) of the Plant Quarantine Rules, 2018 :—

১. শিপিং এজেন্টের নাম/Name of Shipping Agent :.....
২. মালিকের নাম ও জাতীয়তা/Name of Owner and Nationality :.....
৩. জাহাজের নাম ও রেজিস্ট্রেশন নম্বর/Name of Vessel's and Registration No.....
৪. আগমনের সম্ভাব্য তারিখ/Expected date of Arrival :
৫. বন্দরের নাম/Name of Port:.....
৬. প্রবেশ পথের নাম/Point of Entry:.....
৭. কাগোর পরিমাণ ও ধরণ/Cargo Quantity and Nature :
৮. আমদানিকারকের নাম/Name of Consignee :
৯. উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির নাম (প্রযোজ্য ক্ষেত্রে সাধারণ ও উদ্ভিদ তাত্ত্বিক নাম)/Name of plants or plant products (Common and Botanical Name where Applicable):
.....

জাহাজের মালিকের নাম/ অনুমোদিত এজেন্টের নাম/Name of Owner/ Authorized Agent:

ঠিকানা ও মোবাইল নম্বর/Address and Mobile Number:

.....

স্বাক্ষর/Signature:

তারিখ ও সিলমোহর/Date and Seal:

ফরম-৭

[বিধি ৮(২) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
জাতীয় উদ্ভিদ সংগনিরোধ কর্তৃপক্ষ

নোঙরের অনুমতিপত্র

তারিখ :..... নাম্বার :.....

সূত্র :.....

তারিখ :.....

জনাব/মেসার্স এর অনুকূলে এতদ্বারা অনুমতি প্রদান করা যাইতেছে যে, ইহা সম্ভাব্য তারিখে (দ্রব্যাদির নাম ও পরিমাণ) হইতে আগত জাহাজ (জাহাজের নাম ও রেজিস্ট্রেশন নম্বর.....) মংলা/চট্টগ্রাম পোতাশ্রয়/উভয় স্থানে নোঙর করিতে পারিবে (যাহা হইতে মোট দ্রব্যের পরিমাণ থেকে পরিমাণ চট্টগ্রাম/মংলা বন্দরে ছাড়করণ করা হইবে) :

শর্তাবলী :—

১. জাহাজ আগমনের পর উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা কর্তৃক পরীক্ষণ এবং প্রয়োজনে বিষবাষ্পীয়করণের এবং/ অথবা অন্য যেকোন শোধন প্রক্রিয়ার পূর্বে খালাস করা যাইবে না।
২. বৃষ্টি, কুয়াশা অথবা ঝিরঝির বৃষ্টির অবস্থায় জাহাজ হইতে তুলা খালাস করা যাইবে না।

.....
জাতীয় উদ্ভিদ সংগনিরোধ কর্তৃপক্ষ

বরাবর,

জনাব/মেসার্স :.....

অনুলিপি:

১. কমিশনার, কাস্টমস্ হাউস,
২. ট্র্যাফিক ম্যানেজার,
৩. উপপরিচালক/অতিরিক্ত উপপরিচালক/সংগনিরোধ রোগতত্ত্ববিদ, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র:

Form- VII

[Rule 8 (2)]

Government of the People's Republic of Bangladesh
Ministry of Agriculture
National Plant Quarantine Authority

ANCHORAGE PERMIT

Date: No.:

Your reference:..... Dated :

Permission is hereby granted to the Mr./M/S.....expected to arrive the vessel (*Name of Vessel's and Registration No.....*) on carrying (products name and quantity)..... from.....to anchor at Payra/ Mongla/Chittagong Harbour/both (out of the total quantity of will be released at Payra Port/ Chittagong port/Mongla port), subject to the following condition :—

- a) The vessel shall not discharge the plants or plant products till it is examined and if necessary fumigated and/or treated by the Plant Quarantine Officer at the aforementioned port on arrival of the ship.
- b) In case of raw cotton no vessel shall be discharged during a period of rain, mist or drizzled weather condition.

.....

National Plant Quarantine Authority

To,

Mr./M/S.....

Copy to:

1. The Commissioner of Customs, Customs House.....
2. The Traffic Manager,
3. The Deputy Director/Additional Deputy Director/Quarantine Pathologist, Plant Quarantine Station

ফরম-৮

[বিধি ৯(১) দ্রষ্টব্য]

আমদানিকৃত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি ছাড়করণের জন্য ছাড়পত্র প্রদানের আবেদনপত্র/
**Application for Release Order to Release the Imported Plants or
 Plant Products**

উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা/Plant Quarantine officer

.....

আমি, নিম্নবর্ণিত আমদানিকৃত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি ছাড়করণের উদ্দেশ্যে উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা, ২০১৮ এর বিধি ৯(১) অনুযায়ী ছাড়পত্র প্রদানের জন্য আবেদন করিতেছি/I hereby apply for a Release Order of imported plants or plant products as required under rules 9(1) of the Plant Quarantine Rules, 2018:

১. উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির নাম/Name of Plants or Plant Products:.....
২. পরিমাণ (ওজন/সংখ্যা) এবং প্যাকিং তালিকা/Quantity(weight/number) and Packing list
৩. রপ্তানিকারক দেশ/Exporting Country
৪. আমদানি অনুমতিপত্রের নম্বর এবং তারিখ/Import Permit no. and Date
৫. উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্রের নম্বর এবং তারিখ/Phytosanitary Certificate no. and Date:
৬. প্রযোজ্য ক্ষেত্রে, পুনঃরপ্তানিকারক দেশ কর্তৃক প্রদত্ত উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্রের নম্বর এবং তারিখ/
Phytosanitary Certificate no. and Date:
৭. এলসি নম্বর এবং তারিখ/L.C No. and Date :
৮. ইনভয়েস নম্বর/Invoice No.:
৯. বিল অব ল্যাডিং/Bill of Lading:.....

আমদানিকারক/অনুমোদিত এজেন্টের নাম/Name of Importer/Authorized Agent:

ঠিকানা ও মোবাইল নম্বর/address and mobile number of Importer/Authorized Agent:...

.....

স্বাক্ষর/Signature:

তারিখ ও সিলমোহর/Date and Seal :

ফরম-৯

[বিধি ৯(১) দ্রষ্টব্য]

গবেষণা এবং শিক্ষামূলক কাজের জন্য আমদানিকৃত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যের ছাড়করণের জন্য ছাড়পত্র প্রদানের জন্য আবেদনপত্র/**Application for Release Order for research & educational purposes)**

উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা/Plant Quarantine officer

.....
.....

আমি, নিম্নবর্ণিত আমদানিকৃত বায়োলজিক্যাল কন্ট্রোল এজেন্ট/প্লান্টিং ম্যাটেরিয়াল/গ্রোয়িং মিডিয়া/ জার্মপ্লাজম/ট্রান্সজেনিক/জিএমও/এলএমও গবেষণা এবং শিক্ষামূলক কাজের ক্ষেত্রে ব্যবহারের জন্য ছাড়করণের উদ্দেশ্যে উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা, ২০১৮ এর বিধি ৯(১) অনুযায়ী ছাড়পত্রের জন্য আবেদন করিতেছি/I hereby apply for a Release Order of imported Biological Control Agents/Planting Materials/ Growing Media/ Germplasm/ Trangenics/ Genetically Modified Organisms (GMOs)/ Living Modified organisms (LMOs) for the purpose of research and educational purpose as required under rules 9(1) of the Plant Quarantine Rules, 2018 :—

১. উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির নাম/Name of Plants or Plant Products:.....
২. পরিমাণ (ওজন/সংখ্যা) এবং প্যাকিং তালিকা/Quantity(weight/number) and Packing list
৩. রপ্তানিকারক দেশ/Exporting Country
৪. আমদানি অনুমতিপত্রের নম্বর এবং তারিখ/Import Permit no. and Date
৫. উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্রের নম্বর এবং তারিখ/Phytosanitary Certificate no. and Date:
৬. উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্র নম্বর এবং তারিখ (পুন:রপ্তানির ক্ষেত্রে) Phytosanitary Certificate no. and Date for reexport:.....
৭. ঋণপত্র নম্বর এবং তারিখ/L.C No. and Date :.....
৮. ইনভয়েস নম্বর/Invoice No.:
৯. বিল অব ল্যাডিং/Bill of Lading:.....

আমদানিকারকের নাম/অনুমোদিত এজেন্টের নাম/Name of the Importer/Authorized Agent:

.....
ঠিকানা ও মোবাইল নম্বর/address and mobile number of Importer/Authorized Agent:...

স্বাক্ষর/Signature:.....

তারিখ ও সিলমোহর/Date and Seal :.....

ফরম-১০

[বিধি ৯(৪) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
জাতীয় উদ্ভিদ সংগনিরোধ কর্তৃপক্ষ

ছাড়পত্র

উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র..... স্মারক নং:.....

তারিখ:.....

নিম্নবর্ণিত আমদানিকৃত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির আমদানি অনুমতিপত্র, স্মারক নং:.....
....., তারিখ: এর মাধ্যমে আমদানি করা হইয়াছে এবং সামগ্রিকভাবে
পরীক্ষা করিবার পর ক্ষতিকারক পোকামাকড় ও রোগবাহাই মুক্ত পাওয়া গিয়াছে। আমদানিকৃত উদ্ভিদ
বা উদ্ভিদজাত দ্রব্যাদির ছাড়করণের জন্য উপযুক্ত বলিয়া গণ্য হইল।

উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির বিবরণ:

১. উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির নাম:.....
২. পরিমাণ (ওজন/ সংখ্যা):
৩. আমদানিকারকের নাম:.....
৪. উৎপাদনকারী দেশ:
৫. আমদানি অনুমতিপত্রের নম্বর এবং তারিখ:
৬. উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্র নম্বর এবং তারিখ:
৭. পুনঃরপ্তানিকারক দেশ (প্রযোজ্য ক্ষেত্রে):.....
৮. উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্র নম্বর ও তারিখ (পুনঃরপ্তানিকারক দেশ কর্তৃক প্রদত্ত):
৯. এলসি নম্বর এবং তারিখ:.....
১০. ইনভয়েস নম্বর ও তারিখ:
১১. বিল অব ল্যাডিং:.....

বিষবাস্পীকরণ/গৃহীত শোধন কার্যক্রম:.....

আমদানিকারকের নাম ও ঠিকানা:

স্বাক্ষর :.....

সংগনিরোধ কর্মকর্তার নাম ও পদবী:.....

বরাবর,

কমিশনার/যুগ্ম কমিশনার/উপ-কমিশনার/সহকারী কমিশনার/শুল্ক তত্ত্বাবধায়ক, কাস্টমস অফিস:

.....

অনুলিপি:

১. জনাব/মেসার্স: আবেদনপত্রের স্মারক নং:..... তারিখ:.....
২. পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

Form-X

[Rule 9 (4)]

Government of the People's Republic of Bangladesh

Ministry of Agriculture**National Plant Quarantine Authority****RELEASE ORDER**

